

# অমৃতের সন্ধানে হেনরী গিলবার্ট

অমৃতের সন্ধানে চলেছি  
পর্বত সাগর আর বনানীর অপর প্রান্তে ।

ওরা বলে  
পরম আয়ু যদি পেতে চাও  
অমৃতের সন্ধানে যাও  
কোথায় তা পাওয়া যায় জানি না  
পাওয়া যে যায়, জেনো তা সুনিশ্চয় ।

অন্ধের মত ধর্মের ধ্বজা বয়ে চলেছি,  
মূর্খের মত অজ্ঞের জয় গান গেয়েছি,  
পতন অবধারিত যেনেও পথ পরিবর্তন করিনি,  
এ দোষ আমার, তোমায় তো দায়ি করতে পারিনি।

হায় অজানা  
যারা ছিল তারা হারিয়ে গেছে  
যারা আছে তারা থাকবে না  
যারা আসছে তারা কোনদিন ছিল না  
যারা আসবে, কে তারা তা জানবে না।

প্রশ্ন থেকে যায়-

তবে কোথায় ছিল তারা  
কোথায় আছে তারা  
কোথায় থাকবে তারা  
কোথায় যাবে তারা- কেউ জানবে না।  
এ কেমন করে হয়?

উত্তর-----

যারা ছিল তারা নেই,  
যারা আছে তারা কেউ নয়,  
যারা আসবে তারা কে, তা তারাও যানে না,  
যারা থাকবে তারা কে,  
তা জানার কোন প্রয়োজন নেই।

হায় অজানা, একি রহস্য, একি বেদনা।